

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ক্রীড়া পরিদপ্তর  
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।  
www.ds.gov.bd

ক্রীড়া পরিদপ্তরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : কে এম আলী রেজা  
(যুগ্ম সচিব), পরিচালক, ক্রীড়া পরিদপ্তর ও চীফ ইনোভেশন অফিসার।

সভার তারিখ : ২৩-০৯-২০২১  
সময় : সকাল ১১টা  
স্থান : ক্রীড়া পরিদপ্তর  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া "ক্লিক" এর মাধ্যমে কমিউনিটি পর্যায়ে হকির কলা কৌশল শেখানো বিষয়টি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। উক্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইতোমধ্যে মাঠ পর্যায়ে সেবা গ্রহীতাদের মতামত নেয়া হয়েছে। তিনি আরো জানান যে, মাঠ পর্যায়ের বাস্তবতা বিবেচনায় এনে ৮টি জেলা মনোনীত করে ৮টি জেলা থেকে ১৬ জন খেলোয়াড় (প্রতি জেলা থেকে ১ জন ছেলে ও ১জন মেয়ে) নিয়ে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে কমিউনিটি কোচেস কোর্স করা যেতে পারে।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া "ক্লিক" যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা এবং উক্ত ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে নভেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে কমিউনিটি কোচেস কোর্স সম্পন্ন করার পক্ষে সকল সদস্য মত প্রকাশ করেন।

সিদ্ধান্তসমূহ : ১। ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া "ক্লিক" যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া "ক্লিক" বাস্তবায়নের জন্য নভেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে কমিউনিটি কোচেস কোর্স সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।




সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
কে এম আলী রেজা  
(যুগ্ম সচিব)  
ক্রীড়া পরিদপ্তর

স্মারক নং ৩৪.০২.২৬৬৫.০০০.১৮.০১৫.২০ -৭১৩(১)  
বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)



তারিখ ২৩-০৯-২০২১

- ১। যুগ্মসচিব,প্রশাসন,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৩। সহকারী প্রোগ্রামার,আইসিটি শাখা,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

  
(মো: তারিকউজ্জামান)

সহকারী পরিচালক(প্রশাসন)  
ক্রীড়া পরিদপ্তর  
ফোন : ৯৫৫৪২৮৮

ক্রীড়া পরিদপ্তরের ইনোভেশন টিমের ১ম সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ও স্বাক্ষর।

ক্রমিক	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
১।	জনাব মো: নুরুল ইসলাম উপপরিচালক		
২।	জনাব মো: আখতারুজ্জামান রেজা তালুকদার সহকারী পরিচালক, সংগঠন।		
৩।	মো: তারিকউজ্জামান সহকারী পরিচালক, প্রশাসন।		